তারিখ ... ৭-২-৮৫
... ... কলাম ... ১ ...

দৈনিক বাংলা

0 054

# এবার এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা চার লক্ষাধিক

।। জালালউদ্দিন আহমদ ।।

দেশের চারটি শিক্ষা বোর্ডের আসন্ন এসএসসি পরীক্ষায় চার লাখেরও বেশী পরীক্ষার্থী অংশ নিচ্ছে। দেশ স্বাধীন হবার পর এবারই প্রথম এত অধিক সংখ্যক ছাত্রছাত্রী এই পরীক্ষায় অংশ নেবে। গত বছর এই ৪টি বোর্ডে ৩ লাখ ২৬ হাজার পরীক্ষার্থী অংশ নেয়। চার শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকদের (কন্ট্রোলার) এক সভায় এ তথ্য প্রকাশ করা

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

হয়। সম্প্রতি ঢাকা বোর্ড অফিসে এই সভা হয়।

আগামী ৮ই মার্চ থেকে এসএসসি পরীক্ষা শুরু হবে।

এবারে এত বিপুল সংখ্যক ছাত্রছাত্রীর পরীক্ষায় অংশ গ্রহণের কারণ হচ্ছে ১৯৬২ সালে প্রবর্তিত সিলেবাস ও নিয়ম পদ্ধতির এ বছরেই পরিসমাপ্তি ঘটছে। আগামী বছর থেকে নতুন কোর্সে এসএসসি পরীক্ষা নেয়া হবে।

চারটি বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ২১ হাজার, রাজশাহী বোর্ডের ৯৪ হাজার ৪শ ৫৫, কুমিল্লা বোর্ডে ৯৬ হাজার ২শ ও যশোর বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ৯২ হাজার ৯শ জন।

ঢাকা বোর্ড সূত্রে জানা গেছে, গত ৫/৬ বছর ধরে এই বোর্ডে গড়ে ১০ থেকে ১২ হাজার করে প্রতি বছর পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পায়। কিন্তু এবারে পরীক্ষার্থীর সংখ্যা ৪০ হাজারেরও বেশী বেড়েছে।

ঢাকা বোর্ড জানায়, এবারে ঢাকা বিভাগের ৫টি জেলায় ১শ ৩১টি পরীক্ষা কেন্দ্র খোলা হয়েছে। গত বছর পরীক্ষা কেন্দ্র ছিল ১শ ১৩টি। গত বছর বিদেশী কেন্দ্র ছিল ৬টি। এবারে কেন্দ্র হচ্ছে ৩টি। বিদেশী কেন্দ্র ৩টি হচ্ছে ব্যাংকক, কুয়েত ও কাঠমন্ডু।

এবারে ঢাকা বোর্ডের অধীনে যেসব নতুন পরীক্ষার কেন্দ্র খোলা হয়েছে তা হচ্ছে—ঢাকা জেলার বন্দর ও বেলাবো। ফরিদপুরের জাজিরা, গোসাইরহাট, ভেদরগঞ্জ, গোয়ালন্দ, আলফাডাঙ্গা ও ময়মনসিংহ জেলার আঠারবাড়ি, ধোবাউড়া, তাড়াইল, করিমগঞ্জ, হোসেনপুর, ইটনা, অষ্টগ্রাম, কলমাকান্দা, বারহাট্টা ও খালিয়াজুরী।

**রাজশাহী বোর্ড**

রাজশাহী শিক্ষা বোর্ডের নব নিযুক্ত কন্ট্রোলার জানান যে, তাদের অধীনে ৫টি জেলায় ১শ ২৮টি পরীক্ষা কেন্দ্র খোলা হয়েছে। এর মধ্যে পাবনা জেলায় ২০টি, বগুড়ায় ১৬টি, রংপুরে ৩৬টি, দিনাজপুরে ২৩টি ও রাজশাহীতে ৩৩টি কেন্দ্র রয়েছে।

**কুমিল্লা ও যশোর বোর্ড**

কুমিল্লা ও যশোর বোর্ডেও পরীক্ষা কেন্দ্রের সংখ্যা বাড়ানো হয়েছে। এসব বোর্ডের পরীক্ষার সময়সূচী ইতিমধ্যেই পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে প্রকাশ করা হয়েছে।

পরীক্ষা যাতে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয় সেজন্য এসব বোর্ডের কন্ট্রোলার স্ব স্ব এলাকার জেলা প্রশাসনের সাথে বৈঠক করছেন।